ভোরের কাগজ

তারিখ JAN. 28 2000
পৃষ্ঠা ১২ কলাম ৪

70

# চ.বি. প্রক্টরকে হত্যার হুমকি দিয়েছে শিবির ক্যাডাররা

চ. বি. সংবাদদাতা : ছাত্রশিবিরের ক্যাডাররা গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে হত্যার হুমকি দিয়ে টেলিফোনে শাসিয়েছে। এর আগে বুধবার রাতে পাঁচ-ছয়জন মুখোশধারী দুর্বৃত্ত প্রক্টরের বাসায় পর পর পাঁচটি হাতবোমা নিক্ষেপ করে। এদিকে, শিবির ক্যাডাররা গতকাল সকালে নগরীর জিইসি মোড়ে অগ্রণী ব্যাংক বিশ্ববিদ্যালয় শাখার একটি স্টাফ বাস ভাঙচুর করেছে। উল্লেখ্য, ইসলামী ছাত্রশিবিরের লাগাতার অবরোধ কর্মসূচির মুখে গত ১৫ জানুয়ারি থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এক চরম অচলাবস্থা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি প্রক্টরের বাসায় বোমা হামলা ও শিবিরের সন্ত্রাসী তৎপরতার তীব্র নিন্দা জানিয়েছে।

প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, গতকাল বৃহস্পতিবার সকালে অগ্রণী ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখার স্টাফ বাসটি নগরীর জিইসির মোড়ে পৌঁছার পর ১০/১২ জন শিবির ক্যাডার বাসটিতে অতর্কিতে হামলা এবং ব্যাংক স্টাফদের জোর করে নামিয়ে দেয়। এ কারণে গতকাল অগ্রণী ব্যাংকের ক্যাম্পাস শাখা বন্ধ থাকে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. গাজী সালেহউদ্দিন গতরাতে এ প্রতিবেদককে জানান, বুধবার রাত ১০টার দিকে পাঁচ/ছয়জন মুখোশধারী সন্ত্রাসী তার বাসায় পর পর পাঁচটি হাতবোমার বিস্ফোরণ ঘটায়। এ ঘটনার জন্য তিনি শিবির ক্যাডারদের দায়ী করে গতকাল ডবলমুরিং থানায় একটি জিডি করেছেন। প্রক্টর আরো জানান, শিবির ক্যাডাররা গতকাল বেলা ৩টার দিকে টেলিফোনে তাকে হত্যার হুমকি দিয়েছে এবং তার ছেলেকে অকথ্য ভাষায় গালাগালি করেছে।

এদিকে উপাচার্য আব্দুল মান্নান গতকাল তার দপ্তরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের প্রধান, প্রক্টর, পরিবহনের পরিচালকসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বৈঠক করেছেন। বৈঠকে আগামীকাল শনিবার থেকে বাস চালানো এবং সকল বিভাগ খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।